

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৮৮৩

কৈলাসহর, ২৩ নভেম্বর, ২০২২

মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনা

গৌরনগর ও চন্ডীপুর ব্লকে মৎস্যচাষে সহায়তা

মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় চলতি অর্থবছরে গৌরনগর ও চন্ডীপুর ব্লকের ২ হাজার ৮১৩ টি পরিবারকে মৎস্য চাষে সহায়তা দেওয়া হয়েছে। এই যোজনায় গৌরনগর ব্লকের ১ হাজার ২৪৯ টি পরিবার ও চন্ডীপুর ব্লকে ১ হাজার ৫৬৪ টি পরিবার উপকৃত হয়েছেন। সুবিধাভোগী পরিবারগুলিকে ৫০০টি করে মাছের পোনা দেওয়া হয়। তাছাড়া প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় চলতি অর্থবছরে কৈলাসহর মহকুমার গৌরনগর ব্লকের ৩ জন মৎস্যচাষিকে ভর্তুকীতে আইস বক্স যুক্ত অটো দেওয়া হয়েছে। কৈলাসহর মহকুমা মৎস্য তত্ত্বাবধায়ক কার্যালয়ের মৎস্য আধিকারিক অঞ্জন দাস এই সংবাদ জানিয়েছেন।
